গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.১৬.২২৩.২১-/ ৷২৯১ তারিখঃ ০৭-১০-২০২৪

বিষয়: জেডিপিসিতে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে আগ্রহী প্রশিক্ষণার্থী নির্বাচনে ক্ষেত্রে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রসংগে।

ভূমিকা

বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট রপ্তানীকারক দেশ। পাট ও পাটজাতপণ্য রপ্তানী করে দেশের সিংহভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো। সত্তর দশক থেকে নানাবিধ কৃত্রিম তন্তুর ব্যাপক ব্যবহার আমাদের পাট শিল্পকে ক্রমাগত বিপন্ন করে তোলে। বর্তমানে বিশ্বব্যাপী পরিবেশের বিপর্যয়ের কারণে কৃত্রিম তন্তুসমূহের ব্যবহার ক্রমাগত হ্রাস পাচ্ছে। পাটপণ্যসমূহ ১০০% পরিবেশবান্ধব ও প্রাকৃতিক তন্তু হওয়ার কারণে এর ব্যবহারের দিকে বিশ্বব্যাপী আগ্রহ তৈরী হয়েছে। আর এভাবেই পাটখাতের সম্ভাবনার দ্বার উন্মোচিত হতে চলেছে।

জেডিপিসি বহুমুখী পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের কার্যক্রম ও পাট সেক্টরকে লাভজনক করার জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করে আসছে। শতভাগ দেশীয় কাঁচামাল ব্যবহার করে উৎপাদন ও রপ্তানীর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনে বহুমুখী পাটপণ্য উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। পরিবেশ রক্ষার্থে বিশ্বের বিভিন্ন দেশে সিনথেটিক পণ্যের ব্যবহার কমিয়ে প্রাকৃতিক তন্তুজাত পণ্যের ব্যবহারে গুরুত্ব প্রদানের কারনেই আন্তর্জাতিক বাজারে বর্তমানে বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি পাচ্ছে। বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি ও সম্প্রসারণ এবং জনসাধারণকে আরো উৎসাহিত করার লক্ষ্যে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) দেশের বিভিন্ন স্থানে ০৬টি জুট এনট্রেপ্রেনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) এর মাধ্যমে নিয়মিত যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে আসছে। জেডিপিসি'র কর্তৃক প্রনয়নকৃত নির্ধারিত আবেদনপত্র অনুযায়ী আগ্রহী প্রশিক্ষণার্থীদের নির্বাচনে অধিকতর যাচাই-বাছাইয়ের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। উক্ত প্রশিক্ষণে বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রশিক্ষণার্থীদের দক্ষতা উন্নয়ন, পণ্যের প্যার্টাণ বিষয়ক,পণ্যের মূল্য নির্ধারণ, মার্কেটিং বিষয়ক, পণ্যে ডিজাইন উন্নয়ন, উচ্চ দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হচ্ছে। জেডিপিসি'র ২০২৪-২৫ অর্থবছরের (APA) অনুযায়ী গত ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ থেকে ০৫ দিনব্যাপী ধারাবাহিকভাবে চট্টগ্রাম, রংপুর ও ফরিদপুরে প্রশিক্ষণ শেষ হয়েছে।
জেডিপিসি প্রশিক্ষণে নির্ধারিত আবেদন ফরম পূরন করে এবং সাথে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, এনআইডি/জন্ম নিবন্ধন কপি সংযুক্ত করেন প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হয়।

জেডিপিসি'র আওতাধীন জুট এন্ট্রিপ্রিনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি)গুলোতে অনুষ্ঠিত প্রশিক্ষণের বিবরণ নিম্নরুপঃ

| ক্রমিক নং | প্রশিক্ষণ সেন্টারের নাম ও ঠিকানা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জেইএসসি, চট্টগ্রাম, ৯৯, সাত্তার চেম্বার চট্টগ্রাম সদর, চট্টগ্রাম। | ২০ জন | ২২ সেপ্টেম্বর ২০২৪ থেকে ২৬ সেপ্টেম্বর ২০২৪ | প্রশিক্ষণটিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি। |
| ০২ | জেইএসসি, রংপুর সদর, রংপুর | ২৫ জন | ২৫ সেপ্টেম্বর ২০২৪ - ২৯ সেপ্টেম্বর ২০২৪ | প্রশিক্ষণটিতে উপস্থিত ছিলেন দিনাজপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক জনাব রওনুকুল ইসলাম। |
| ০৩ | জেইএসসি, ঢাকা, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাও ঢাকা। | ২৫ জন | ২৯ সেপ্টেম্বর ২০২৪- ০৪ অক্টাবর ২০২৪ | উদ্বোধণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ আখতারুজ্জামান,ফরিদপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ফরিদপুর সদর, ফরিদপুর, জনাব মোঃ জাহাঙ্গির আলম, টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেইনিং এক্সিকিউটিভ, জেডিপিসি। |

(মোঃ জাহাঙ্গীর আলম)
টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ
জেডিপিসি।

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) চট্টগ্রাম
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুত্র নং- জেইএসসি/ চট্ট/ প্রশা/০১/২৪/৯৭৭ তারিখঃ ০২-১০-২০২৪ ইং

বরাবর
নিবার্হী পরিচালক
জুটডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
১৪৫, মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা ১২১৫।

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (এমআরপি) জেডিপিসি।

বিষয়ঃ জেইএসসি চট্টগ্রাম কেন্দ্র আয়োজিত "উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষন" এর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

মহোদয়,


আপনার সদয় অবগতির জন্য, উর্দ্বতন কতৃপক্ষের নির্দেশে জেইএসসি চট্টগ্রাম কেন্দ্রের উদ্যেগে গত ২২/০৯/২০২৪ ইং থেকে ২৬/০৯/২০২৪ ইং পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন ব্যাপী "উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষন" জেইএসসি চট্টগ্রাম অফিস কার্য্যলয়ে আয়োজন করা হয়।

উক্ত "উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষন" এর প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্থ

(স্বপন চন্দ্র মোহন্ত)
এক্সটেনশন এন্ড মার্কেটিং অ্যাসিসটেন্ট
জেইএসসি, চট্টগ্রাম।

কার্যালয়ঃ সাত্তার চেম্বার,আগ্রাবাদ, বা/এ, চট্টগ্রাম। ফোনঃ ০৩১-৭১১৫২২, ই-মেইলঃ jesc_chittagong@jdpc.gov.bd




# উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণের প্রতিবেদন

প্রশিক্ষণের সময়কাল ঃ ২২-২৬ সেপ্টেম্বর ২০২৪ ইং

স্থান ঃ জেইএসসি অফিস কার্যালয়, চট্টগ্রাম।

---

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), চট্টগ্রাম।
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
*145,Monipuri Para, Tejgoan, Dhaka-1215*

# উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ
## আগ্রাবাদ,চট্টগ্রাম।

ভূমিকা ঃ

জেইএসসি চট্টগ্রাম কেন্দ্র কর্তৃক আয়োজিত  ২০ জন প্রশিক্ষনার্থীদের নিয়ে পাট পণ্যের উদ্যোক্তা উন্নয়ণ প্রশিক্ষণ সেপ্টেম্বর ২০২৪ জেইএসসি অফিস কার্যালয় আগ্রাবাদ, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণটি জেডিপিসি কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী প্রশিক্ষনার্থীদের মনোনীত করা হয়। প্রশিক্ষণের প্রশিক্ষক ছিলেন আমাদের নিবন্ধত উদ্যোক্তা জনাবা ফাতেমাতুজ জোহরা। উক্ত প্রশিক্ষণ বিগত ২২-০৯-২০২৪ ইং তারিখে শুরু হয়ে ২৬-০৯-২০২৪ ইং পর্যন্ত অনুষ্ঠিত হয়।




বহুমুখী পাটপণ্যের  প্রশিক্ষণের উদ্দেশ্য -

☞ প্রশিক্ষণে আগত প্রশিক্ষনার্থীদের নিকট বাংলাদেশের সোনালী আঁশ পাট দিয়ে উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী উপস্থাপন করা এবং উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের প্রতি তাদের আগ্রহ সৃষ্টি করা;

☞ উদ্যোক্তাদের নিজের উপযোগী এবং উপার্জন সম্ভাবনাময় ব্যবসা চিহ্নিত করা ও বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে পারস্পরিক মিলন ঘটানো এবং একে অপরকে ভালভাবে জানা ও সম্পর্ক স্থাপনে/সেতু বন্ধনে সহায়তাকরণ;

☞ বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্যবহার বৃদ্ধির জন্য দেশের তৃনমূল পর্যায়ে পাটপণ্য ছড়িয়ে  দেয়া;

☞ উদ্যোক্তাদের নিজেদের বহুমুখী পাটপণ্য সামগ্রীর গুনগত মান সম্পর্কে পরস্পরের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে পাটপণ্যের গুনগত মান আরোও কিভাবে উন্নত করা যায় তার সুযোগ তৈরী করে দেয়া;

☞ ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহের মালামাল বিপণনে সহায়তা ও তাদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও বিনিয়োগের অর্থ পুনরুদ্ধার করে চলতি মূলধনের মতো বার বার ব্যবহার করে বাৎসরিক turn over বাড়ানো;

☞ বহুমুখী পাটপন্য সামগ্রীর বাজার সৃষ্টিতে সহায়তা করা এবং কাঁচামাল সংগ্রহের ব্যবস্থাকরণ;

☞ উদ্যোক্তাগণ ডিজাইনের উন্নতির মাধ্যমে তাঁদের পাটপণ্যের বিক্রয় Order লাভ করতে পারেন সেই সুযোগ সৃষ্টিকরণ;

☞ এছাড়া উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের গুনগত পরিবর্তন ও প্রযুক্তিগত উন্নয়ন এবং নতুন ক্রেতাদের বিশেষ করে নতুন প্রজন্মের কাছে সুন্দরভাবে উপস্থাপন করা অন্যতম উদ্দেশ্য।

☞ সর্বোপরি বহুমুখী পাটপণ্যসামগ্রী দেশে বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে, বিপণন ও প্রচারমূলক কার্যক্রমের সফল মাধ্যম হিসেবে প্রশিক্ষণ আয়োজনের সহযোগীতা করা হয়।



প্রশিক্ষণ উদ্বোধন ঃ

সকাল ১০ টায় অনুষ্ঠান উদ্বোধন হয়, অনুষ্ঠান উদ্বোধন করেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব ও জেডিপিসি'র নির্বাহী পরিচালক জনাব জিনাত আরা। সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রসাশক চট্টগ্রাম এর পক্ষে অতিরিক্ত জেলা প্রসাশক (শিক্ষা) জনাব কামরুজ্জামান। সভায় পাট অধিদপ্তর ও বিজেএমসির উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেডিপিসির প্রযুক্তি গবেষনা ও প্রশিক্ষন নির্বাহী মোঃ জাহাঙ্গীর আলম। স্বাগত বক্তব্যে জেইএসসি চট্টগ্রামের ভারপ্রাপ্ত সেন্টার ইনচার্জ উদ্যোক্তাদের সার্বিক সহযোগীতা ও জেইএসসি চট্টগ্রাম সেন্টারের বিভিন্ন কর্মকান্ড নিয়ে আলোচনা করেন। অতিথিবৃন্দ প্রশিক্ষনে তৈরী পাট পন্য দেখে মুগ্ধ হন এবং ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে, বিশ্বের এখন প্রায় বেশির ভাগ দেশেই পাট পণ্যের চাহিদা বাড়ছে, বিশ্বের চাহিদা মোতাবেক সেই অনুপাতে আমাদের কাজ করতে হবে। অনুষ্ঠানে পাটের লাঞ্চ ব্যাগ, লেডিস ব্যাগ, টিস্যু ব্যাগ, হাত পার্স, কবি ব্যাগ, সেমিনার ব্যাগ, মোবাইল ব্যাগ, পাসপোর্ট ব্যাগ, স্যান্ডেল ও বিভিন্ন ধরনের শো পিচ প্রদর্শন করা হয়।




সমাপনী অনুষ্ঠান ঃ

গত ২৬-০৯-২০২৪ তারিখে প্রশিক্ষণের সমাপনী করা হয়। জেডিপিসির প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের অংশগ্রহনে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সমাপনী অনুষ্ঠান করা হয়। আমি জেইএসসি চট্টগ্রাম এর পক্ষথেকে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করি আমাদের প্রশিক্ষণের আয়োজনের জন্য। প্রশিক্ষনার্থীদের ফেব্রিক্স সহ যাবতীয় সহযোগীতার আশ্বাস দেওয়া হয়।

(স্বপন চন্দ্র মোহন্ত)
এক্সটেনশন এন্ড মার্কেটিং অ্যাসিসটেন্ট
জেইএসসি, আগ্রাবাদ, চট্টগ্রাম।

**বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবাকেন্দ্র (জেইএসসি), রংপুর**
**জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)**
**বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।**

সোনালী আঁশের সোনার দেশ
পাটশিল্পের বাংলাদেশ

স্মারক নং ঃ জেইএসসি/রংপুর/প্রশাসন-৩(১)/২০১৫/২০৫৭ তারিখঃ ০৭/১০/২০২৪ খ্রিঃ।

বরাবর,
**নির্বাহী পরিচালক,**
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরীপাড়া, তেজগাঁও
ঢাকা।

**বিষয়ঃ জেইএসসি, রংপুর কার্যালয়ে অনুষ্ঠিত "উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ" এর সংক্ষিপ্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)'র প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবাকেন্দ্র (জেইএসসি), রংপুর কার্যালয়ের উদ্যোগে গত **২৫/০৯/২০২৪** ইং তারিখ থেকে **২৯/০৯/২০২৪** ইং তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিন ব্যাপী **"উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ"** অত্র কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে মোট ২৫ (পঁচিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। প্রতিদিন সকাল ৯.৩০ ঘটিকা থেকে শুরু হয়ে বিকাল ৪.৩০ ঘটিকায় শেষ হয়। গত ২৮/০৯/২০২৪ ইং তারিখে আমাদের প্রশিক্ষণ কার্যক্রম সরজমিনে পরিদর্শন করার জন্য দিনাজপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক জনাব রওনুকুল ইসলাম মহোদয়কে আমন্ত্রণ জানানো হলে তিনি এসে আমাদের প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করেন এবং আমাদের প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে উনার মূল্যবান বক্তব্য প্রদান করেন। তিনি প্রশিক্ষণ কার্যক্রম দেখে সন্তোষ প্রকাশ করেন। মহোদয়ের সদয় অবগতির জন্য প্রশিক্ষণার্থীদের তালিকা অত্র চিঠির সাথে সংযুক্ত করা হলো।

অতএব, উল্লিখিত বিষয়ে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

আপনার একান্ত অনুগত,

দিদারুল হক

০৭/১০/২০২৪ ইং
**(মোহাম্মদ দিদারুল হক)**
সেন্টার ইনচার্জ
জেইএসসি, রংপুর।
মোবাইলঃ ০১৭২৩-৮৬৭৩১৪।

সংযুক্তিঃ
১। বর্ণনা মতে ০৪ পাতা।

**অবগতির জন্য অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)ঃ**
১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, প্রযুক্তি গবেষনা ও প্রশিক্ষণ নির্বাহী, জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ১৪৫ মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
২। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, এক্সটেনশন এন্ড মনিটরিং এক্সিকিউটিভ ও ট্যাগ অফিসার (জেইএসসি,রংপুর), জেডিপিসি, ঢাকা।
৩। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ১৪৫ মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ১৪৫ মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৫। অফিস নথি।

# উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণের প্রতিবেদন

## ভূমিকা

বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট রপ্তানীকারক দেশ। পাট ও পাটজাতপণ্য রপ্তানী করে দেশের সিংহভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো। সত্তর দশক থেকে নানাবিধ কৃত্রিম তন্তুর ব্যাপক ব্যবহার আমাদের পাট শিল্পকে ক্রমাগত বিপন্ন করে তোলে। বর্তমানে বিশ্বব্যাপী পরিবেশের বিপর্যয়ের কারণে কৃত্রিম তন্তুসমূহের ব্যবহার ক্রমাগত হ্রাস পাচ্ছে। পাটপণ্যসমূহ ১০০% পরিবেশবান্ধব ও প্রাকৃতিক তন্তু হওয়ার কারণে এর ব্যবহারের দিকে বিশ্বব্যাপী আগ্রহ তৈরী হয়েছে। আর এভাবেই পাটখাতের সম্ভাবনার দ্বার উম্মোচিত হতে চলেছে।

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), ঢাকা, জেডিপিসি এর উদ্যোগে ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ থেকে ০৪ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত ফরিদপুর টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ফরিদপুর সদর, ফরিদপুরে ০৫ দিনব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন করা হয়। একজন দক্ষ উদ্যোক্তাই পারে দেশী ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদন করতে। তাই উদ্যোক্তাগণকে বহুমুখী পাটপণ্য উৎপাদনে দক্ষতা উন্নয়ন, পণ্যের মূল্য নির্ধারণ, ডিজাইন উন্নয়নসহ উচ্চ দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ, মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদন থেকে শুরু করে বিপণন পর্যন্ত সকল বিষয়ে দক্ষতা অর্জনে সক্ষম হবে। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীরা নীতিমালা অনুযায়ী নির্ধারিত নিবন্ধন ফরম পূরন করে এবং সাথে পার্সপোর্ট সাইজের ২ কপি ছবি, এনআইডি/জন্ম নিবন্ধন কপি সঙযুক্ত করেন।

## উদ্বোধণী অনুষ্ঠান ঃ

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), ঢাকা এর উদ্যোগে ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় ফরিদপুর টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ফরিদপুর সদর, ফরিদপুরে ০৫ দিনব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ এর উদ্বোধণী অনুষ্ঠান এর আয়োজন করা হয়। উদ্বোধণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ আখতারুজ্জামান,ফরিদপুর টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ফরিদপুর সদর, ফরিদপুর, জনাব জাহাঙ্গির আলম, টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেইনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), এর জনাব জাহাঙ্গির আলম, টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেইনিং এক্সিকিউটিভ, জেডিপিসি, উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে বলেন, বহুমুখী পাটপণ্য উৎপাদন ও বাজারজাতকরণের ক্ষেত্রে জেডিপিসি'র এ প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তাদেরকে হাতে কলমে বহুমুখী পাটপণ্য তৈরীর প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষণার্থীগণ বাজারের চাহিদা অনুযায়ী যুগোপযোগী বহুমুখী পাটপণ্য তৈরি করতে সক্ষম হয়। জনাব মোঃ আখতারুজ্জামান, প্রিন্সিপাল, ফরিদপুর টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, ফরিদপুর সদর, ফরিদপুর বলেন, বহুমুখী পাটপণ্য বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট রপ্তানীকারক দেশ। একসময় পাট ও পাটজাতপণ্য রপ্তানী করে দেশের সিংহভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো। সত্তর দশক থেকে নানাবিধ কৃত্রিম তন্তুর ব্যাপক ব্যবহার আমাদের পাট শিল্পকে ক্রমাগত বিপন্ন করে তোলে। বর্তমানে বিশ্বব্যাপী পরিবেশের বিপর্যয়ের কারণে কৃত্রিম তন্তুসমূহের ব্যবহার ক্রমাগত হ্রাস পাচ্ছে। পাটপণ্যসমূহ ১০০% পরিবেশবান্ধব ও প্রাকৃতিক তন্তু হওয়ার কারণে এর ব্যবহারের দিকে বিশ্বব্যাপী আগ্রহ তৈরী হয়েছে। আর এভাবেই পাটখাতের সম্ভাবনার দ্বার উম্মোচিত হতে চলেছে। উদ্যোক্তাদের তিনি বহুমুখী পাটপণ্য উৎপাদনে ফরিদপুর জেলার বিভিন্ন সমস্যা ও সমাধানে করণীয় বিষয়ে আলোচনার জন্য সকলকে অনুরোধ করেন।বহুমুখী পাটপণ্যের উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে এ ধরনের ট্রেনিং আয়োজনের জন্য তিনি জেডিপিসিকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যৎ এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুরোধ করেন।

## উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ ঃ

জেইএসসি, ঢাকা জেডিপিসি'র নিয়মিত কার্যক্রমের মধ্যে প্রশিক্ষণ অন্যতম। জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদন ও বাজারজাতকরণে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টিসহ মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে বিশাল ভূমিকা রাখছে । জেডিপিসি ৭ টি ক্যাটাগরীর (দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ , পণ্যের মূল্য নির্ধারণ প্রশিক্ষণ, ডিজাইন এর উপর প্রশিক্ষণ ) মাধ্যমে উদ্যোক্তা উন্নয়ন প্রদান করে থাকে।

## দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ঃ

জেইএসসি, ঢাকা জেডিপিসি আয়োজিত উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণের মধ্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অন্যতম। এ প্রশিক্ষণের মাধ্যমে হাতে কলমে বহুমুখী পাটপণ্য উৎপাদন করানো শেখানো হয়। হাতে কলমে শেখার ফলে উদ্যোক্তাগণ নিজে নিজে মানসম্পন্ন পাটপণ্য তৈরী করতে সক্ষম হয়। ৫ দিন ব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণের মধ্যে ০৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়।

## পণ্যের মূল্য নির্ধারণ প্রশিক্ষণ ঃ

বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাগণ যাতে বহুমুখী পাটপণ্য উৎপাদনের পর সঠিক পদ্ধতিতে ফেব্রিক্স কনজামশন, মেটিরিয়াল কনজামশন ও পণ্যের মূল্য নির্ধারণ করতে পারে সে বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয় । এ প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তাকে হাতে কলমে ব্যাগের মূল্য নির্ধারণ করা শেখানো হয় ফলে এ প্রশিক্ষণে অংশগ্রহনকারী উদ্যোক্তাগণ সঠিকভাবে পণ্যের মূল্য নির্ধারণ করতে পারে।

## ডিজাইন উন্নয়ন প্রশিক্ষণ ঃ

বহুমুখী পাটপণ্যসমূহের দেশীয় এবং আন্তর্জাতিক বাজার উপযোগী ডিজাইনসংক্রান্ত দিক-নির্দেশনা প্রণয়নের লক্ষ্যে বহুমুখী পাটপণ্য উদ্যোক্তা, সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ এবং ডিজাইনারদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে ডিজাইন উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন করা হয়। বহুমুখী পাটপণ্যের ডিজাইন সংক্রান্ত প্রচলিত ধারা, এ সংক্রান্ত চ্যালেঞ্জ এবং এই চ্যালেঞ্জসমূহ কাটিয়ে উঠে কিভাবে সামনে আরো যুগোপযোগী ডিজাইন উন্নয়ন করা যায় সে বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## সমাপণী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান ঃ

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), ঢাকা এর উদ্যোগে ০৪ অক্টোবর ২০২৪ তারিখ রোজ শুক্রবার দুপুর ০৩:০০ ঘটিকায় জেলা পরিষদ অডিটরিয়াম, ফরিদপুর সদর, ফরিদপুরে ০৫ দিনব্যাপী উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ এর সমাপণী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান এর আয়োজন করা । শুরুতে সবাইকে স্বাগত জানিয়ে, জনাব ইসতিয়াক আহাম্মেদ, সেন্টার ইন চার্জ, জেইএসসি, ঢাকা, জেডিপিসি বলেন, আশির দশক থেকে বিশ্ববাজারে পাট এবং প্রচলিত পাটপণ্যের চাহিদা ও মূল্য হ্রাস, কৃত্তিম তন্তু এবং স্বল্প মূল্যের সিনথেটিক দ্রব্যের ব্যাপক আবির্ভাবের ফলে বাংলাদেশ পাট শিল্প ব্যাপক চ্যালেঞ্জের সম্মুখীন হয়। এ চ্যালেঞ্জ মোকাবিলার লক্ষ্যে প্রচলিত পাটপণ্যের পাশাপাশি দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদামাফিক উচ্চমূল্য সংযোজিত এবং উন্নতমানের বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদন ও বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০2 সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) স্থাপিত হয়। জন্মলগ্ন থেকে জেডিপিসি বিভিন্ন ধরনের প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরীসহ কর্মসংস্থান সৃষ্টিতে গুরত্বপূর্ণ ভূমিকা রাখছে। জনাব ইসতিয়াক আহাম্মেদ, সেন্টার ইন চার্জ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন ও প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়।

ইসতিয়াক আহাম্মেদ<br>
(সেন্টার-ইন-চার্জ)<br>
বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), ঢাকা<br>
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)